52 BEN 28/26

2026

BENGALI
(MODERN INDIAN LANGUAGE)

Full Marks : 100

Pass Marks : 33

Time : Three hours

All questions are compulsory.
Marks are indicated against each question.

UNIT – I (Prose)
'ক' – গুচ্ছ ঃ (গদ্যাংশ)

১। আফিঙ্গ কী? ১

(ক) মিষ্টজাতীয় খাদ্য (খ) লবনাক্তজাতীয় খাদ্য

(গ) নেশাজাতীয় খাদ্য (ঘ) শষ্যজাতীয় খাদ্য

২। গুরুচরণ কোন্ গ্রামের কর্তা ছিলেন? ১

(ক) শ্রীমাধবপুরের (খ) শ্রীকুঞ্জপুরের

(গ) সোনাগাছির (ঘ) বোলপুরের

৩। প্রমাণ কাকে বলে? ১

৪। নরেশ এবং পরেশের ছোট ভাইয়ের নাম কী? ১

৫। কৈশোরকালের যে কোনো দুইটি বৈশিষ্ট্যের উল্লেখ করো। ২

৬। শ্রীকুঞ্জপুরের সর্বাপেক্ষা ভক্তির পাত্র কে ছিলেন এবং কেন? ২

৭। পল্টুর মাতা পিতার নাম কী? ২

৮। প্রত্যক্ষ এবং অনুমান প্রমাণের সংজ্ঞা দাও। ২

৯। কমলাকান্তের মতে বিড়াল দুধ খেয়ে গেলে কী করা উচিত? ২

১০। বিষয় ভাগ সম্পর্কে হরিচরণের মতামত কী ছিল? ৩

১১। টীকা লেখো ঃ "থিওরি অফ রিলেটিভিটি" ৩

১২। "বৈজ্ঞানিক বুদ্ধি" প্রবন্ধে বিজ্ঞাপনকে নতুন রকম আপ্তবাক্য বলা হয়েছে কেন? ৫

UNIT – II (Poetry)
'খ' – গুচ্ছ ঃ (পদ্যাংশ)

১৩। কোরান কাদের ধর্মগ্রন্থ? ১

(ক) হিন্দুদের (খ) মুসলমানদের

(গ) খ্রিষ্টানদের (ঘ) শিখদের

১৪। রূপাই কার নাম? ১

(ক) গ্রামের এক চাষার ছেলের নাম (খ) গ্রামের জমিদারের ছেলের নাম

(গ) গ্রামের এক গরীব পরিবারের ছেলের নাম (ঘ) গ্রামের এক শিক্ষিত ছেলের নাম

১৫। সাম্যবাদী কবিতায় কবি কিসের গান গেয়েছেন? ১

১৬। কবি কোন্ দেশকে দুর্ভাগা দেশ বলে সম্বোধন করেছেন? ১

১৭। কবি পৃথিবীর রূপ দেখতে আগ্রহী নন কেন? ২

১৮। চার্বাক কে ছিলেন? ২

১৯। রবীন্দ্রনাথের জন্ম ও মৃত্যু সালের উল্লেখ করো। ২

২০। "জারীগানে তাহার গলা উঠে সবার আগে"। কার কথা বলা হয়েছে? ২

২১। "মানুষের অধিকারে বঞ্চিত করেছ যারে"—কে এবং কাকে মানুষের অধিকার থেকে বঞ্চিত করেছে? ২

২২। টীকা লেখো ঃ "রূপসী বাংলা" ৩

২৩। কনফুসিয়াস কে ছিলেন? ৩

২৪। "দুর্ভাগা দেশ" কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো। ৫

UNIT – III (Reading)
'গ' – গুচ্ছ ঃ (পঠন)

নিম্নোক্ত রচনাটি পড়ে ২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০, ও ৩১ নম্বর প্রশ্নের উত্তর দাও ঃ

এক গ্রামে দুটি রমণী পাশাপাশি বাস করত। তাদের একজনের একটি শিশু পুত্র ছিল। আর একজন ছিল সন্তানহীনা। শিশুটির মা একদিন দূরবর্তী পুকুরে জল আনতে গিয়েছিল। ফিরে এসে শিশুপুত্রকে দেখতে না পেয়ে সে পাগলের মত এদিক ওদিক খুঁজতে লাগল। হঠাৎ শিশুটির কান্না শুনতে পেয়ে মা গিয়ে পাশের বাড়িতে ঢুকল। দেখল সন্তানহীনা রমণীটি শিশুটিকে কোলে নিয়ে বসে আছে। এতে শিশুটির মা ভীষণ রেগে গিয়ে বলল "এ কীরকম ব্যবহার তোমার? না বলে কয়ে আমার ছেলেকে তুমি ঘর থেকে নিয়ে এসেছ কেন? এদিকে আমি ভেবে মরি। দাও দাও তোমাকে আর আহ্লাদ দেখাতে হবে না।" সন্তানহীনা রমণীটি সমান ঝাঁঝের সঙ্গে উত্তর দিল ঃ "সে কি কথা? আমার ছেলে তোমাকে দেব কেন? যাও যাও নিজের কাজে যাও।"

২৫। একটি গ্রামে কয়জন রমণী পাশাপাশি থাকত? ১

(ক) তিনজন (খ) চারজন

(গ) দুইজন (ঘ) ছয়জন

২৬। তাদের একজনের একটি কী ছিল? ১

(ক) বিড়ালছানা (খ) শিশুকন্যা

(গ) শিশুপুত্র (ঘ) ইঁদুরছানা

২৭। শিশুটির মা একদিন কোথায় গিয়েছিল? ২

২৮। ফিরে এসে শিশুপুত্রকে দেখতে না পেয়ে মা কী করছিল? ২

২৯। কে শিশুটিকে কোলে নিয়ে বসেছিল? ২

৩০। শিশুটির মা রেগে গিয়ে কী বলল? ২

৩১। সন্তানহীনা রমণীটি কী উত্তর দিয়েছিল? ২

৩২। সারাংশ লেখো : ৩

যারা জীবনের পসরা বহিয়া মৃত্যুর দ্বারে দ্বারে
করিতেছে ফিরি, ভীম রণভূমে প্রাণ বাজী রেখে হারে।
আমি মর কবি-গাহি সেই বেদে বেদুইনদের গান,
যুগে যুগে যারা করে অকারণ বিপ্লব অভিযান।
জীবনের আতিশয্যে যাহারা দারুণ উগ্রসুখে
সাধ করে নিল গরল-পিয়ালা, বর্শা হানিল বুকে।
আষাঢ়ের গিরি-নিঃস্রাবসম কোনো বাধা মানিল না,
বর্বর বলি যাহাদের গালি পাড়িল ক্ষুদ্রমনা,
কূপমণ্ডুক 'অসংযমী'র আখ্যা দিয়াছে যারে,
তারই তরে ভাই গান রচে যাই, বন্দনা করি তারে।

UNIT – IV (Writing)

'ঘ' – গুচ্ছ : (লিখন)

৩৩। মনে করো তুমি পল্লী উন্নয়ন ক্লাবের সেক্রেটারি, তোমার ক্লাবের সঙ্গে সানরাইজ ক্লাবের একটি গানের প্রতিযোগীতা হবে। সেই প্রতিযোগীতায় তোমার ক্লাবের সকল সদস্য উপস্থিত থাকার জন্য একটি বিজ্ঞপ্তি রচনা করো। ৪

৩৪। সোনাপুর গ্রামে একটি কারখানা স্থাপিত হওয়ার কারণে গ্রামের আবহাওয়া দূষিত হচ্ছে, এবং লোকজন অসুস্থ হচ্ছে, এই মর্মে একটি প্রতিবেদন রচনা করো। ৪

৩৫। ভাবসম্প্রসারণ করো : ৫

চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুনে দোষী।

৩৬। তোমার বোনের বিয়ে উপলক্ষে তোমার বান্ধবীকে নিমন্ত্রণ জানিয়ে একটি পত্র লেখো। (পত্রে তোমার নামের জায়গায় "ক" লিখবে, ঠিকানার প্রয়োজন নাই) ৫

৩৭। যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ ৭

(ক) খেলাধূলার উপকারিতা

(খ) তোমার প্রিয় সাহিত্যিক

(গ) দেশভ্রমণের উপকারিতা

UNIT – V (functional Grammar)
'ঙ' – গুচ্ছ ঃ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৮। "হাত ও পা" কোন্ সমাস ঃ ১

(ক) তৎপুরুষ সমাস (খ) বহুব্রীহি সমাস

(গ) দ্বন্দ্ব সমাস (ঘ) কর্মধারয় সমাস

৩৯। দেবালয় — ১

(ক) দেবা + আলয় (খ) দেবা + অলয়

(গ) দেব + আলয় (ঘ) দেব = অলয়

৪০। নর + ঈশ = নরেশ ১

(ক) ব্যঞ্জনসন্ধি (খ) স্বরসন্ধি

(গ) নিপাতনে সিদ্ধসন্ধি (ঘ) স্বরান্ত সন্ধি

৪১। মৃ + ত = মৃত ১

(ক) তদ্ধিত প্রত্যয় (খ) কৃত প্রত্যয়

(গ) অব্যয়ীভাব সমাস (ঘ) তৎপুরুষ সমাস

৪২। পদ — ১

(ক) পাঁচ প্রকার (খ) চার প্রকার

(গ) তিন প্রকার (ঘ) ছয় প্রকার

৪৩। তাসের ঘর মানে — ১

(ক) ক্ষণস্থায়ী (খ) দীর্ঘ স্থায়ী

(গ) স্থায়ী নয় (ঘ) উপরের কোনোটাই নয়

৪৪। প্রত্যয় কাকে বলে ও কী কী? ১

৪৫। দ্বন্দ্ব সমাস কাকে বলে? ১

৪৬। স্বরসন্ধি কাকে বলে? ১

৪৭। ব্যাসবাক্যসহ সমাসের নাম লেখো ঃ 'ধনদৌলত' ১